KARMAKSHETRA Vol 33 No. 16 Wednesday 14 NOVEMBER 2012 Member, INDIAN NEWSPAPER SOCIETY R. N. 37120/80 □ Postal Registration No. KOL RMS/173/2010-2012

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি আছে কিনা জেনে নিতে হবে ছাত্রদেরই: সুপ্রিম কোর্ট

নিজস্ব প্রতিনিধি: দেশের কোনও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সেটি সরকার কর্তৃক স্বীকৃত কিনা তা জেনে নিতে হবে ছাত্রদেরই। স্বীকৃতি নেই এমন কোনও কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে গেলে পরবর্তীকালে কোনও সহানুভূতি ছাত্রছাত্রীরা আশা করতে পারেন না। সম্প্রতি একটি মামলার রায় দিতে গিয়ে সুপ্রিম কোর্ট একথা বলেছে।

মধ্যপ্রদেশের একটি স্বীকৃতিবিহীন শিক্ষাপ্রতিষ্ঠান তাদের ছাত্রছাত্রীদের স্বার্থে স্বীকৃতির অনুমতি চেয়ে সর্বোচ্চ আদালতের দ্বারস্থ হয়। সেই মামলার রায় দিতে গিয়ে বিচারপতি কে এস রাধাকৃষ্ণণ ও বিচারপতি দীপক মিশ্রের বেঞ্চ জানিয়ে দেন, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে যেসব তরুণ-তরুণী ভর্তি হন তাঁরা প্রাপ্তবয়স্ক। ফলে খোঁজখবর না নিয়ে ভর্তি হলে তার দায় তাঁদেরই নিতে হবে।

পাস গ্র্যাজুয়েটরাও দিতে পারবেন রাজ্য কলেজ সার্ভিস কমিশনের ইন্টারভিউ

নিজস্ব প্রতিনিধি: রাজ্যের কলেজে শিক্ষক নিয়োগের ইন্টারভিউয়ে এবার যেতে পারবেন পাস-গ্র্যাজুয়েটরাও। অবশ্য 'নেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে।

এতদিন 'নেট' পরীক্ষায় সফল হলেও অনার্স গ্র্যাজুয়েট না হলে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের ইন্টারভিউ দেওয়া যেত না। কমিশন সূত্রে খবর, শীঘ্রই এই নিয়মে পরিবর্তন আনা হচ্ছে। তবে অনার্স গ্র্যাজুয়েটরা নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

অন্যদিকে, অনার্স গ্র্যাজুয়েট না হলে 'সেট' পরীক্ষাতেও বসা যায় না। 'সেট' রাজ্যের কলেজ-বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের যোগ্যতা-নির্ণায়ক পরীক্ষা। সেই নিয়মও সংশোধনে আগ্রহী পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন। উচ্চশিক্ষা দপ্তরের সঙ্গে এব্যাপারে কমিশনের প্রাথমিক আলোচনা হয়েছে বলেও জানা গিয়েছে।

কলেজ সার্ভিস কমিশন সূত্রে খবর, রাজ্যের ৪০০টিরও বেশি কলেজে প্রায় ১,৮০০ শিক্ষক নিয়োগের ইন্টারভিউয়ের জন্য চলতি মাসের শেষের দিকেই বিজ্ঞপ্তি প্রকাশিত হবে।

সব সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক
বাংলা পত্রিকার মধ্যে
সবার ওপরে*

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

সারা ভারতে প্রথম দু'য়ের মধ্যে**

*ABC (Audit Bureau of Circulations) Jul-Dec 2011
**With 11.68 lakh readers KARMAKSHETRA is now the second highest language periodical in India (IRS 2012 Q2)

Ph: 2280 8818 Fax: 2287 6448 E-mail: info@swarnakshar.in
FOR OUR OTHER MAGAZINES VISIT ▸ www.swarnakshar.in

২০৩৭ প্রাক্তন সমরকর্মী

প্রথম পাতার পর

শেপ-ওয়ান। (এ ওয়াই ই)।

জেনারেল ডিউটিজ/ট্রেনিং: জে সি ও/সাব-ইনস্পেক্টর: মোট শূন্যপদ ৫২টি। জে সি ও/সাব-ইনস্পেক্টর/এ এস আই: মোট শূন্যপদ ৩২টি। যোগ্যতা: উভয়ক্ষেত্রেই ইনফ্যান্ট্রিতে কাজ করে থাকতে হবে। সঙ্গে ন্যূনতম 'এ' গ্রেডিং সহ পি সি, ডব্লু পি এন, সি আই জে ডব্লু, জে এল সি, গাটাক— যে-কোনও একটিতে কাজ করে থাকতে হবে। সেনাবাহিনীর কোনও ক্লাস 'এ' ট্রেনিং ইনস্টিটিউটে ইনস্ট্রাক্টর হিসেবে কাজ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০-১১-২০১২ তারিখে উভয়ক্ষেত্রেই ৫৩ বছরের মধ্যে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: শেপ-ওয়ান (এ ওয়াই ই)।

বেতন: কাউন্টার-আই ই ডি ও পি এস-এর ক্ষেত্রে জে সি ও (ইনস্পেক্টর)-র জন্য ৫৪,০০০ টাকা এবং এন সি ও (হেড কনস্টেবল)-র জন্য ৩৪,০০০ টাকা। জেনারেল ডিউটিজের ক্ষেত্রে জে সি ও/সাব-ইনস্পেক্টর পদের জন্য ২৫,৩০৭ টাকা। নোড ট্রেনিংয়ের ক্ষেত্রে সুবেদার মেজর, সুবেদার ও নায়েব সুবেদার পদের জন্য যথাক্রমে ৩৪,০০০ টাকা, ৩৩,০০০ টাকা ও ৩২,০০০ টাকা।

দরখাস্তের বয়ানে থাকতে হবে এইসব তথ্য: (১) নম্বর, র‍্যাঙ্ক, নাম, রেজিমেন্ট, বয়স (জন্মতারিখ), (২) গ্রেডিং সহ আর্মি কোর্স, (৩) ঠিকানা ও ফোন নম্বর।

দরখাস্ত ভরা খাম ৩০ নভেম্বরের মধ্যে পৌঁছনো চাই এই ঠিকানায়: The DIGP (Training), Dte. General, CRPF, East Block-10, Level-7, R. K. Puram, New Delhi. ই-মেল আই ডি: digtrghq70@yahoo.com ফোন: (০১১) ২৬১৯-৩৬০৮।

ফল বেরোল

ভারতীয় রেলের এমপ্লয়মেন্ট নোটিস নম্বর ০২/২০১২ অনুসারে বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের আওতাধীন সিনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট পদে চূড়ান্ত নির্বাচিতদের তালিকা প্রকাশিত হয়েছে। দেখা যাবে এই ওয়েবসাইটে: www.rrbbilaspur. gov.in

□

সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর ০৮/২০১০ অনুসারে গোরখপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের আওতাধীন স্টেনোগ্রাফার (হিন্দি) পদের লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা দেখা যাবে এই ওয়েবসাইটে: www.rrbgkp.gov.in

১৭৪ আধা-দক্ষ কর্মী

প্রথম পাতার পর

ভি টি সার্টিফিকেট বা আই টি আই বা সমতুল ডিপ্লোমা বা সার্টিফিকেট।

বয়স: ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও বি সিরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মী ও ডিপার্টমেন্টাল ক্যান্ডিডেটরা নিয়মানুযায়ী বয়সে ছাড় পাবেন।

বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় মোট ১০০ নম্বরের অবজেকটিভ টাইপ প্রশ্ন থাকবে। লিখিত পরীক্ষায় সফলদের মধ্যে থেকে মেধার ভিত্তিতে ট্রেড টেস্টে ডাকা হবে। তপশিলী, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা ট্রেড টেস্টের কেন্দ্রে যাতায়াতের রেল বা বাস ভাড়া পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gsf.gov.in প্রথমে এই ওয়েবসাইটের 'অ্যাডভার্টাইজমেন্ট' মেনুর অন্তর্গত 'জবস' অংশ থেকে ফি জমা দেওয়ার চালান ডাউনলোড করে তার প্রিন্ট আউট নেবেন। এই প্রিন্ট আউট যথাযথভাবে পূরণ করে নগদ ফি সমেত জমা দেবেন যে-কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোর ব্যাঙ্কিং সুবিধাযুক্ত শাখায়। এই নিয়োগের দরখাস্তের ফি ৫০ টাকা। তপশিলী, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। ফি জমা দিয়ে ফেরত পাওয়া চালানের অংশে লেখা তথ্য দিয়ে অনলাইনে আবেদন করতে পারবেন।

অনলাইনে আবেদনের শেষ তারিখ ১৭ নভেম্বর। এই নিয়োগের বিশদ তথ্য উপরোক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে।